

সুনান আবু দাউদ (তাহকিককৃত)

হাদিস নম্বরঃ ৩২৭৭

১৬/ শপথ ও মানত (كتاب الأيمان والنذور)

পরিচ্ছেদঃ ১৭. অপেক্ষাকৃত উত্তম কাজ হলে কসম ভঙ্গ করা

بَابُ الرَّجُلِ يُكْفِرُ قَبْلَ أَنْ يَحْنَثَ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الصَّبَّاحِ الْبَزَّازُ، حَدَّثَنَا هُشَيْمٌ، أَخْبَرَنَا يُونُسُ، وَمَنْصُورٌ يَعْنِي ابْنَ زَادَانَ، عَنِ الْحَسَنِ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ سَمُرَةَ، قَالَ: قَالَ لِي النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: يَا عَبْدَ الرَّحْمَنِ بْنِ سَمُرَةَ، إِذَا حَلَفْتَ عَلَى يَمِينٍ فَرَأَيْتَ غَيْرَهَا خَيْرًا مِنْهَا، فَأَتِ الَّذِي هُوَ خَيْرٌ، وَكَفِّرْ يَمِينَكَ، قَالَ أَبُو دَاوُدَ: سَمِعْتُ أَحْمَدَ، يُرَخِّصُ فِيهَا الْكُفَّارَةَ قَبْلَ الْحِنْتِ

صحيح

বাংলা

৩২৭৭। 'আব্দুর রাহমান ইবনু সামুরাহ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, একদা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে বললেনঃ হে 'আব্দুর রাহমান ইবনু সামুরাহ! তুমি কোনো বিষয়ে শপথ করার পর তার বিপরীতে কল্যাণ দেখতে পেলে তুমি কল্যাণকর কাজটি করবে এবং শপথ ভঙ্গের কাফফারাহ আদায় করবে। আবু দাউদ (রহঃ) বলেন, ইমাম আহমাদ (রহঃ) শপথ ভঙ্গের পূর্বেই কাফফারাহ আদায় জায়য মনে করেন।[1]

English

Narrated 'Abd al-Rahman b. Samurah:

The Prophet (ﷺ) said to me: 'Abd al-Rahman b. Samurah, when you swear an oath and consider something else to be better than it, do the thing that is better and make atonement for your oath.

Abu Dawud said: I heard Ahmad (b. Hanbal) permitting to make atonement

before breaking the oath.

ফুটনোট

[1]. সহীহ।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী □ বর্ণনাকারীঃ আব্দুর রহমান ইবন সামুরা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=60645>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন